কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 14 AUGUST 2026 ,FRIDAY|১৪ আগস্ট ২০২৬ ,শুক্রবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-252

## নেতাজী সুভাষ চন্দ্র বসু স্মৃতি মিউজিয়ামটিকে বিশ্বের মানচিত্রে তুলে ধরার উদ্যোগ গ্রহন করা হবে ,জানালেন স্পীকার রথীন্দ্র বসু



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৩ আগস্ট :** পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভার স্পীকার রথীন্দ্র বসু বৃহস্পতিবার কার্শিয়াং এর গিদ্দা পাহাড়ে অবস্থিত নেতাজী সুভাষ চন্দ্র বসু স্মৃতি মিউজিয়ামটি পরিদর্শনে আসেন। মিউজিয়াম পরিদর্শনের পর তিনি জানান এই মিউজিয়ামটিকে বিশ্বের মানচিত্রে তুলে ধরার উদ্যোগ গ্রহন করা হবে। নেতাজী ভারতবাসীর আবেগ ,অহঙ্কার ও ভারতের স্বাধীনতা সংগ্রামের এক অবিস্মরণীয় অধ্যায়। নেতাজীকে নিয়ে এমন কোনো মন্তব্য করা উচিত নয় যাতে সাধারন মানুষের মনে আঘাত লাগে। মিউজিয়ামটিকে আরও আকর্ষণীয় করে তুলে বিশ্বের দরবারে আরও আকর্ষনীয় করা ও পর্যটকদের কাছে এর ব্যপক পরিচিতি ঘটানোর লক্ষ্যে পরিকল্পনা গ্রহনের জন্য তিনি রাজ্যের মুখ্যমন্ত্রীর নিকট প্রস্তাব পেশ করবেন। স্পীকারের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন মিউজিয়ামের ইনচার্জ গনেশ প্রধান।

## ইকো পার্কে শ্যামাপ্রসাদ মুখার্জীর ১২৫ ফুটের মূর্তি তৈরি হবে ,জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,হাওড়া ,১৩ আগস্ট :** আজ নবান্নে একটি উচ্চ পর্যায়ের কমিটির প্রথম বৈঠকে কলকাতার নিউ টাউন ইকো পার্কে শ্যামাপ্রসাদ মুখার্জী ১২৫ ফুট মূর্তি তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বৈঠক শেষে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান ,"ইকো পার্কে শ্যামাপ্রসাদ মুখার্জীর একটি ১২৫ ফুট মূর্তির ভূমি পূজন ও স্থান নির্বাচন হয়েছে। ওখানে একটি সংগ্রহশালা এবং অন্যান্য যে সমস্ত আনুষঙ্গিক ব্যবস্থা থাকবে সেগুলো আজ হিডকোর পক্ষ থেকে কমিটিকে পাওয়ার পয়েন্টের মাধ্যমে দেখানো হয়েছে। দ্বিতীয়ত শ্যামাপ্রসাদ মুখার্জীর পৈত্রিক ভিটে জিরাটে একটি গ্রন্থাগার ও সংগ্রহশালা তৈরি করা হবে"। মুখ্যমন্ত্রী আরও জানান , "স্কুল থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত শ্যামাপ্রসাদ মুখার্জীর অবদান অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রস্তাব তৈরি করার জন্য স্কুল শিক্ষা দপ্তরকে বলা হয়েছে । আগামী শিক্ষাবর্ষ থেকেই পর্যায়ক্রমে তা চালু করার লক্ষ্যে দ্রুত কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে"।

## জনসংযোগে কোচবিহার জেলা পুলিশের শীতলকুচি থানার পুলিশ কর্মীরা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৩ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের শীতলকুচি থানার পুলিশ কর্মীরা বৃহস্পতিবার দিন ভর থানা এলাকায় জনসংযোগ করলেন। এদিন থানার পুলিশ কর্মীরা থানার অধীন বিভিন্ন এলাকায় গিয়ে স্থানীয় পরিস্থিতি পর্যালোচনা,এলাকা ভিত্তিক তথ্য সংগ্রহের পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের সাথে মতবিনিময়, তাদের বিভিন্ন বিষয়ে উদ্বেগের কথা শোনার মাধ্যমে সমন্বয় আরও দৃঢ় করেন। এলাকার শান্তি শৃঙ্খলা বজায় রাখা, জন নিরাপত্তা সুনিশ্চিত করা ও কমিউনিটি পুলিশিং আরও শক্তিশালী করার লক্ষ্যেই এই কর্মসূচি বলে জানান জেলা পুলিশ এর এক কর্মকর্তা।

## দলীয় কার্যালয়ে বসে পরিষেবা দিলেন বনমন্ত্রী



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট :** আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের তথা পাঁচ নম্বর মন্ডলের ভাটিবাড়ী দলীয় কার্যালয়ে বসে ছাত্র-ছাত্রীদের সঙ্গে কথা বলার পাশাপাশি গুরুত্বপূর্ণ বেশ কিছু কাগজে স্বাক্ষর করে দিলেন পশ্চিমবঙ্গ সরকারের বনমন্ত্রী তথা কুমার গ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাওঁ। বিধায়ক থাকাকালীন তিনি পাঁচ নম্বর মন্ডলের বিভিন্ন জায়গায় দলীয় কার্যালয়ে বসে ছাত্রছাত্রীদের বিভিন্ন ফর্মে স্বাক্ষর করে দিতেন। মন্ত্রী হওয়ার পরে তিনি বৃহস্পতিবার রাতে ভাটিবাড়ী দলীয় কার্যালয়ে বসে বেশ কিছু ছাত্র-ছাত্রীর সঙ্গে কথা বলে তাদের কাগজে সই করে দিলেন। বেশ কিছু এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বললেন। যদিও বনমন্ত্রী স্পষ্ট জানিয়ে দিয়েছেন ভাটি বাড়ি এলাকার যেকোনো সমস্যার জন্য মন্ডল সভাপতির সঙ্গে কথা বলার পরামর্শ দেন জনতাকে।

# আলিপুরদুয়ারে ১০২ অ্যাম্বুল্যান্স পরিষেবা বন্ধ ,চরম ভোগান্তির আশঙ্কা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ অগাস্ট :** বেতন বৃদ্ধি-সহ একাধিক দাবিতে এবার কর্মবিরতির পথে হাঁটলেন আলিপুরদুয়ার জেলার ১০২ অ্যাম্বুল্যান্স পরিষেবার চালকেরা। বৃহস্পতিবার থেকে জেলার বিভিন্ন প্রান্তে ১০২ পরিষেবার গাড়ি চালকরা পরিষেবা বন্ধ রেখে বিক্ষোভে সামিল হন। এর ফলে জরুরি স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত গর্ভবতী মহিলা, শিশু ও সাধারণ রোগীদের চরম সমস্যার মুখে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে।আন্দোলনকারী চালকদের অভিযোগ, দীর্ঘদিন ধরে তাঁরা অত্যন্ত কম বেতনে কাজ করে চলেছেন। বারবার কর্তৃপক্ষের কাছে বেতন বৃদ্ধি, চাকরির নিরাপত্তা, নির্দিষ্ট কর্মঘণ্টা এবং অন্যান্য সুযোগ-সুবিধার দাবি জানানো হলেও সেই দাবিগুলির কোনও সুরাহা হয়নি। বাধ্য হয়েই তাঁরা পরিষেবা বন্ধ রেখে আন্দোলনের পথে নেমেছেন বলে দাবি করেন।চালকদের বক্তব্য, বর্তমান বাজারদরের সঙ্গে সামঞ্জস্য রেখে বেতন কাঠামো সংশোধন করতে হবে। পাশাপাশি কর্মরত চালকদের জন্য প্রভিডেন্ট ফান্ড, ইএসআই-সহ বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা নিশ্চিত করারও দাবি তোলেন তাঁরা। অন্যদিকে, হঠাৎ করে ১০২ পরিষেবা বন্ধ হয়ে যাওয়ায় উদ্বেগ ছড়িয়েছে রোগীর পরিবারগুলির মধ্যে। বিশেষ করে হাসপাতালে রোগী নিয়ে যাওয়া এবং হাসপাতাল থেকে বাড়ি ফেরার ক্ষেত্রে বহু মানুষ এই পরিষেবার উপর নির্ভরশীল। ফলে দ্রুত সমস্যা সমাধানে প্রশাসনের হস্তক্ষেপের দাবি উঠেছে।এদিকে আন্দোলনকারীরা জানিয়েছেন, তাঁদের ন্যায্য দাবিগুলি মেনে নেওয়া না হলে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটতে পারেন তাঁরা। বিষয়টি নিয়ে স্বাস্থ্য দফতর ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতিক্রিয়ার দিকেও নজর রয়েছে সকলের।

# উদ্ধার ষাট বোতল বিদেশী মদ ,গ্রেপ্তার এক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৩ আগস্ট :** নির্দিষ্ট সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বৃহস্পতিবার কোচবিহার জেলা পুলিশের ঘোকসাডাঙ্গা থানার পুলিশ মোটর সাইকেল আরোহী এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় ষাট বোতল বিদেশী মদ। আটক ব্যক্তি মদ কেনা বা পরিবহনের কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায় তাকে গ্রেপ্তার করে পুলিশ ও মোটরসাইকেল সহ উদ্ধার করা মদ বাজেয়াপ্ত করে। ধৃতের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করে আদালতে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

# কৃষি আধিকারিক এর উপস্থিতিতে প্রশিক্ষণ শিবির



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট :** প্রাকৃতিক ভাবে রবি শস্য চাষ করা নিয়ে একদিনে প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হলো আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের শামুকতলা গ্রাম পঞ্চায়েতের অর্জুন পাড়া শিশু শিক্ষা কেন্দ্রে। প্রায় কুড়ি জন কৃষককে নিয়ে এই প্রশিক্ষণ শিবিরে দীর্ঘক্ষণ বক্তব্য রাখেন আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের সহ কৃষি অধিকর্তা সায়ন্তন দাস। রাসায়নিক সারের উৎপন্ন রবিশস্য কিংবা অন্যান্য ফসল উৎপন্ন করার চেয়ে প্রাকৃতিকভাবে রবি শস্য চাষ অনেকটাই লাভজনক। রাসায়নিক সারের শরীরের যেমন ক্ষতি হতে পারে প্রাকৃতিকভাবে রবিশস্য চাষে ক্ষতির কোন বিষয় নেই। ইতিমধ্যেই অর্জুন পাড়া এলাকায় নয় বিঘা জমি নিয়ে প্রাকৃতিকভাবে মুলা ধনেপাতা কচু থেকে শুরু করে বিভিন্ন রবি শস্যের চাষ শুরু করেছেন তাপস দেবনাথ। খরচ অনেকটাই কম কিন্তু প্রাকৃতিকভাবে উৎপন্ন ফসল বাজার জাত করা সম্ভব হচ্ছে না এমনটাই জানা গেছে ওই এলাকার কৃষক তাপস দেবনাথ এর কাছ থেকে। তবে সরকারি সব রকম সুযোগ-সুবিধা দেওয়া হবে প্রাকৃতিকভাবে চাষ করা কৃষকদের জানিয়েছেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সহ কৃষি অধিকর্তা সায়ন্তন দাস।

# মাদক ক্যাপসুল সহ গ্রেপ্তার এক




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট :** আলিপুরদুয়ার জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও ফালাকাটা থানার পুলিশ বুধবার শেষ রাতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় ৭১৬৮ টি পিভন স্পাস প্লাস মাদক জাতীয় ক্যাপসুল। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে উদ্ধার করা ক্যাপসুল বাজেয়াপ্ত করা হয়। পুলিশ সূত্রে জানানো হয়েছে সমগ্র প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়েছে। পুলিশ তদন্ত জারী রেখেছে।

# মহাকালগুড়িতে হাতির তাণ্ডবে লক্ষাধিক টাকা ক্ষতিগ্রস্ত কৃষকদের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট :** মহাকালগুড়িতে এক রাতে কম করে ২৫ থেকে ৩০ বিঘা জমিতে লাগানো ধানক্ষেত নষ্ট করে দিল হাতির পাল। যদিও এলাকাবাসীদের কাছ থেকে জানা গেছে ২৫ থেকে ত্রিশটি হাতি একসঙ্গে এসে এই তাণ্ডব চালিয়েছে। গত সাত দিন আগেও ঠিক একইভাবে এই তান্ডব চালিয়ে কম করে ৩০ বিঘা জমির ধান নষ্ট করে দিয়েছিল । এলাকার বাসিন্দা অমিত দেবনাথ বাবুল দেবনাথ অভিনাশ দেবনাথ জানিয়েছেন বুধবার রাতে একপাল হাতি এসে ধান ক্ষেত পিছে দেয়। তবে বনদপ্তর সূত্রে জানা গেছে ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিবরণ দেয়া হবে সরকারের আইন মেনে।

# শেডের শুভ উদ্বোধন করলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট :** বিধায়কের দেওয়া আর্থিক অনুদানে ভাটি বাড়ি হরিমন্দিরে তৈরি হয়েছে ভক্তবৃন্দের জন্য একটি শেড। প্রায় ১৪ লক্ষ টাকা দিয়ে তৈরি হওয়া শেডের শুভ উদ্বোধন করলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। এদিন হরি মন্দির কমিটির পক্ষ থেকে বৈরাতি নৃত্যের মাধ্যমে মন্ত্রীকে বরণ করে নেওয়ার পর তাকে উত্তরীয় পড়িয়ে পুষ্পস্তবক হাতে দিয়ে সম্মান জানান মন্দির কমিটির কর্মকর্তারা। উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মন্ত্রী বলেন আমি কথা দিয়েছিলাম একটি শেড নির্মাণ করে দেওয়ার। আবারো আমি কথা দিয়ে যাচ্ছি হরি মন্দির প্রাঙ্গনে পর্যাপ্ত পরিমান আলোর ব্যবস্থা করে দেবো। এদিন এই উদ্বোধনী অনুষ্ঠানে ভাটিবাড়ী এলাকার প্রচুর মানুষ উপস্থিত ছিলেন।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |